16. Paid-up equity share capital (in Rs.) (Face Value Rs. 10/- per share)	101.00	101.00	101.00	101.00
17. Reserve excluding Revaluation Reserves as per Balance Sheet of previous accounting year	-	95.08	-	95.08
18. i Earning Per Share (before extraordinary items) (not annualised)				
(a) Basic	0.84	2.52	(0.64)	7.70
(b) Diluted	0.84	2.52	(0.64)	7.70
18. ii Earning Per Share (after extraordinary items) (not annualised)				
(a) Basic	0.84	2.52	(0.64)	7.70
(b) Diluted	0.84	2.52	(0.64)	7.70

a. Company has acquired 76% shares of M/s Radhashree Apartments Private Limited on 11/12/2024

For **Swati Projects Limited**
Sd/-
Chief Executive Officer
Name: Ravi Todi

Place: Kolkata
The 12th day of August, 2026

কয়েক দশক পর গঙ্গার উজানে ইলিশের খোঁজ পাওয়া গেল, নদীর মৎস্যসম্পদ পুনরুদ্ধারে ঐতিহাসিক সাফল্য

কলকাতাঃ গঙ্গার মধ্য ও উজানে ইলিশের প্রত্যাবর্তন নদী পুনরুদ্ধার, জলজ জীববৈচিত্র্য সংরক্ষণ এবং জীবিকা সুরক্ষার ক্ষেত্রে ভারতের প্রয়াসে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসাবে চিহ্নিত হল।কয়েক দশক ধরে গঙ্গার ঊর্ধ্ব প্রবাহের বিস্তীর্ণ অঞ্চলে কার্যত অনুপস্থিত থাকার পর উত্তরপ্রদেশের চন্দৌলি জেলার টান্ডা খুর্দ গ্রামের কাছে ইলিশের সন্ধান মিলেছে। বিজ্ঞানভিত্তিক দীর্ঘমেয়াদী সংরক্ষণ প্রচেষ্টার মাধ্যমে স্থানীয়ভাবে বিলুপ্ত বলে বিবেচিত একটি প্রজাতিকেও ফিরিয়ে আনা যে সম্ভব, এই ঘটনা তারই প্রমাণ। ঐতিহাসিকভাবে বঙ্গোপসাগর থেকে গঙ্গা নদী ব্যবস্থা ধরে ইলিশের বিচরণ বারাণসী, প্রয়াগরাজ এবং তারও উর্ধ্বে বিস্তৃত ছিল। তবে, ১৯৭৫ সালে ফারাক্কা ব্যারেজ চালু হওয়ার পর ইলিশের স্বাভাবিক পরিযানপথ মারাত্মক বাধাগ্রস্ত হয়। এর ফলে গঙ্গার মধ্য ও উর্দ্ধ প্রবাহে ইলিশের সংখ্যা দ্রুত কমে যায়। ইলিশনির্ভর নদী তীরবর্তী মৎস্যজীবী সম্প্রদায়ও ক্ষতিগ্রস্ত হয়। ইলিশের পরিবেশগত, পুষ্টিগত, সাংস্কৃতিক এবং জীবিকার গুরুত্ব বিবেচনা করে ব্যারাকপুরের আইসিএআর-সেন্ট্রাল ইনল্যান্ড ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউট এবং ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা ইলিশ পুনরুদ্ধারে দীর্ঘমেয়াদী বিজ্ঞানভিত্তিক কর্মসূচি শুরু করে। ২০১৯ থেকে ২০২৬ সালের জুন পর্যন্ত আইসিএআর-সিআইএফআরআই সমন্বিত কৌশল গ্রহণ করে ইলিশ উদ্ধারে। এর মধ্যে ছিল নদীতে ইলিশের পোনা ও প্রাপ্তবয়স্ক মাছ ছাড়া, মাছের মজুত বৃদ্ধি, কৃত্রিম প্রজনন, নিষিক্ত ডিম ও হ্যাচারিতে উৎপাদিত পোনা ছাড়া, মাছের গায়ে পরিচিতি চিহ্ন লাগানো, মাছ ছাড়ার পর নজরদারি এবং সংশ্লিষ্ট অংশীদারদের অংশগ্রহণ। এই সময়ে ৩.৮৫ লক্ষের বেশি ইলিশের পোনা ও প্রাপ্তবয়স্ক মাছ নদীতে ছাড়া হয়। ফারাক্কা ব্যারেজের উর্দ্ধপ্রবাহে ৪০ লক্ষের বেশি নিষিক্ত ডিম এবং প্রায় ৯.৪ লক্ষ হ্যাচারিতে উৎপাদিত ২ থেকে ৩ দিনের পোনা ছাড়া হয়েছে। মাছের গায়ে পরিচিতি চিহ্ন লাগানো এবং নিয়মিত নজরদারির মাধ্যমে ইলিশের পরিযান, বেঁচে থাকা এবং গতিবিধি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া গিয়েছে। মৎস্যসম্পদ পুনরুদ্ধার থেকে নদী পুনরুদ্ধার - এই উদ্যোগের ফল ক্রমশ স্পষ্ট হচ্ছে। প্রায় তিন দশক পর চান্দৌলি জেলার মার্কণ্ডেয় মহাদেব মন্দিরের কাছে টান্ডা খুর্দ গ্রামে দুটি ইলিশের সন্ধান মিলেছে। মাছ দুটির মোট ওজন ৭৪০ গ্রাম। ২০২৩ থেকে ২০২৫ সালের নজরদারিতে এর আগেই মির্জাপুর পর্যন্ত নদীর উর্দ্ধপ্রবাহে ছাড়া ইলিশের গতিবিধি ধরা পড়েছিল। এর মাধ্যমে ইলিশের ঐতিহাসিক বিচরণক্ষেত্রে ধীরে ধীরে পুনরুদ্ধারের ইঙ্গিত মিলেছে। ইলিশ একটি সংবেদনশীল পরিযায়ী প্রজাতি। এর উপস্থিতি নদীর সংযোগব্যবস্থা এবং জলজ পরিবেশের উপযোগিতার গুরুত্বপূর্ণ ইঙ্গিত দেয়। তাই গঙ্গায় ইলিশের প্রত্যাবর্তন নদীর পরিবেশগত কার্যকারিতা উন্নতির একটি গুরুত্বপূর্ণ জীববৈজ্ঞানিক সূচক। ইলিশের প্রত্যাবর্তন প্রসঙ্গে আইসিএআর-সিআইএফআরআই-এর অধিকর্তা ড. প্রদীপ দে বলেন, মৎস্যসম্পদ পুনরুদ্ধারকে পরিবেশ পুনরুদ্ধার এবং সুস্থায়ী জীবিকার অবিচ্ছেদ্য অংশ হিসাবে দেখা প্রয়োজন। তিনি মাছের পরিযান, জলজ পরিবেশের গুণমান, জীববৈচিত্র্য, জল ব্যবস্থাপনা এবং নদী তীরবর্তী মৎস্যজীবী সম্প্রদায়ের জীবিকার প্রয়োজনকে সমন্বিত করে পরিবেশভিত্তিক নদী ব্যবস্থাপনার ওপর জোর দেন। ড. দে-র এও অভিমত, পরিবেশ পুনরুদ্ধার তখনই অর্থবহ হয়ে ওঠে, যখন তা সামাজিক ও অর্থনৈতিক স্থিতিস্থাপকতা বাড়ায়।

ইলিশের প্রত্যাবর্তন মাছের প্রাপ্যতা বাড়াতে, জীবিকার বৈচিত্র্য আনতে এবং নদী তীরবর্তী সম্প্রদায়ের জীবিকা সুরক্ষা জোরদার করতে পারে। একই সঙ্গে গঙ্গার পরিবেশগত ঐতিহ্যও সংরক্ষিত হবে। ইলিশের প্রত্যাবর্তন শুধু মৎস্যসম্পদ পুনরুদ্ধারের সাফল্য নয়। দীর্ঘমেয়াদী বিজ্ঞানভিত্তিক উদ্যোগ, প্রাতিষ্ঠানিক অঙ্গীকার এবং সমন্বিত সরকারি নীতি কীভাবে ফল দিতে পারে, এই ঘটনা তারও উদাহরণ। আইসিএআর-সিআইএফআরআই ও এনএমসিজি-এর অংশীদারিত্বে মৎস্যবিজ্ঞান, নদী সংরক্ষণ, মাঠপর্যায়ের উদ্যোগ এবং স্থানীয় সম্প্রদায়ের অংশগ্রহণকে একসঙ্গে যুক্ত করা হয়েছে। ইলিশের প্রত্যাবর্তন অন্যান্য দেশীয় ও পরিযায়ী জলজ প্রজাতি পুনরুদ্ধারের ক্ষেত্রেও আশা জাগায়। এই উদ্যোগ আরও একবার প্রমাণ করে, নদীকে শুধু জল ব্যবস্থাপনার মাধ্যম হিসাবে নয়, জীবন্ত পরিবেশব্যবস্থা হিসাবে পরিচালনা করা প্রয়োজন। বঙ্গোপসাগর থেকে উজান গঙ্গা পর্যন্ত ইলিশের এই যাত্রা পরিবেশগত স্থিতিস্থাপকতা, বিজ্ঞানভিত্তিক দীর্ঘমেয়াদী প্রয়াস এবং গঙ্গা ও তার নদী তীরবর্তী মৎস্যজীবী সম্প্রদায়ের জন্য নতুন আশার প্রতীক।

টোলে পড়ুয়ার সংখ্যা কমছে,সংকটে সংস্কৃত শিক্ষা

হাসান লস্কর, কুলতলি, দক্ষিণ চব্বিশ পরগনাঃ দিনের পর দিন টোলে পড়াশোনা করা ছাত্রছাত্রীর সংখ্যা ক্রমশ কমছে। একইসঙ্গে সংস্কৃত ভাষা ও সাহিত্যের প্রতিও নতুন প্রজন্মের আগ্রহ হ্রাস পাচ্ছে। এর ফলে প্রাচীন ভারতীয় শিক্ষাব্যবস্থা ও সংস্কৃত চর্চার ঐতিহ্য আজ অনেকটাই সংকটের মুখে।

একসময় বাংলার বিভিন্ন এলাকায় টোল ছিল শিক্ষার অন্যতম প্রধান কেন্দ্র। সেখানে সংস্কৃত ব্যাকরণ, সাহিত্য, দর্শন, কাব্য ও ধর্মশাস্ত্রের পাশাপাশি বিভিন্ন বিষয়ে শিক্ষা দেওয়া হতো। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে শিক্ষাব্যবস্থায় ব্যাপক পরিবর্তন এসেছে। আধুনিক স্কুল-কলেজ, ইংরেজি শিক্ষা এবং বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর বিষয়ের প্রতি ছাত্রছাত্রীদের আগ্রহ বেড়েছে। ফলে টোলের প্রতি আগ্রহ অনেকটাই কমে গেছে।শিক্ষাবিদদের মতে, বর্তমান প্রজন্ম ভবিষ্যৎ কর্মসংস্থানের কথা মাথায় রেখে এমন বিষয় বেছে নিচ্ছে, যার মাধ্যমে দ্রুত চাকরি বা পেশাগত সুযোগ পাওয়া যায়। সংস্কৃত ও টোলে পড়াশোনা করলে কর্মসংস্থানের সুযোগ তুলনামূলকভাবে কম;এমন ধারণাও অভিভাবক ও ছাত্রছাত্রীদের মধ্যে রয়েছে। ফলে অনেকেই সংস্কৃতকে উচ্চশিক্ষার প্রধান বিষয় হিসেবে বেছে নিতে চাইছে না।এর পাশাপাশি বহু টোলে উপযুক্ত পরিকাঠামো, শিক্ষক এবং আধুনিক শিক্ষার উপকরণের অভাব রয়েছে। কোথাও কোথাও আর্থিক সমস্যার কারণেও টোলের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। ফলে ঐতিহ্যবাহী এই শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রতি আগ্রহ আরও কমছে। বিশেষজ্ঞদের মত, সংস্কৃত শিক্ষাকে আধুনিক প্রযুক্তি ও কর্মমুখী শিক্ষার সঙ্গে যুক্ত করা গেলে পরিস্থিতির পরিবর্তন হতে পারে।

সংস্কৃত ভাষা ও সাহিত্যের গুরুত্ব সম্পর্কে ছাত্রছাত্রীদের সচেতন করার পাশাপাশি বৃত্তি, প্রশিক্ষণ ও কর্মসংস্থানের সুযোগ বাড়ানোও জরুরি।প্রাচীন ভারতীয় জ্ঞান ও সংস্কৃতির অন্যতম বাহক সংস্কৃত ভাষা। তাই টোল ও সংস্কৃত শিক্ষাকে বাঁচিয়ে রাখতে সরকার, শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও সমাজকে একযোগে উদ্যোগী হতে হবে। তা না হলে ভবিষ্যতে এই ঐতিহ্যবাহী শিক্ষা ব্যবস্থা আরও সংকুচিত হয়ে পড়ার আশঙ্কা রয়েছে।

সিআইআই বণিকসভার পিএসই 'পূর্ব প্রগতি' সম্মেলন

কলকাতাঃ মানব সম্পদের উপর আরও বেশি মনোযোগ দেওয়ার আহ্বান জানিয়ে দামোদর ভ্যালি কর্পোরেশন (ডিভিসি)-এর চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক রাজেশ পান্ডে, (আইএএস) জানালেন, সরকারি খাতের উদ্যোগগুলিকে অবশ্যই সাংগঠনিক বৃদ্ধির পাশাপাশি মানব সম্পদ উৎকর্ষতা বাড়াতে হবে। কলকাতায় বণিকসভা সিআইআই আয়োজিত পিএসই পূর্ব প্রগতি সামিট ২০২৬-শীর্ষক অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে পান্ডে উল্লেখ করেন, সরকারি খাতের উদ্যোগগুলি যখন দ্রুত পরিবর্তনশীল ব্যবসায়িক পরিমণ্ডলে নিজেদের পথ খুঁজে চলেছে, তখন শক্তিশালী নিয়োগ, প্রশিক্ষণ এবং কর্মজীবনের অগ্রগতির সুযোগের মাধ্যমে কর্মীদেরও তাদের প্রতিষ্ঠানের সাথে সাথে বেড়ে ওঠার জন্য প্রস্তুত করতে হবে। এছাড়াও, তিনি কাজের পরিবর্তনশীল প্রকৃতির উপর জোর দেন এবং সাংগঠনিক কার্যকারিতা শক্তিশালী করার ও পরিবর্তনশীল ব্যবসায়িক পরিবেশের জন্য প্রস্তুত হওয়ার সময় সরকারি খাতের উদ্যোগগুলির জন্য মনোযোগ দেওয়ার গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসেবে ৫টি 'পি' অর্থাৎ পারফরম্যান্স (কর্মক্ষমতা), প্রসেস (প্রক্রিয়া), পার্সোনা (ব্যক্তিত্ব), প্রকিউরমেন্ট (সংগ্রহ) এবং ভবিষ্যতের জন্য প্রস্তুতি - তুলে ধরেন। এই শীর্ষ সম্মেলনে ডিজিটাল যুগে মানবসম্পদ উৎকর্ষ, শ্রম সম্মতি এবং শিল্প প্রতিযোগিতা বৃদ্ধির শীর্ষক একটি স্থিতিপত্রও উন্মোচন করা হয়। স্মার্ট কর্মী বাহিনী গঠন, অন্তর্ভুক্তিমূলক কর্মক্ষেত্র এবং সংশ্লিষ্ট শ্রম আইন ও তার প্রতিপালনের উপর জোর দিয়ে বিভিন্ন অধিবেশন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে বিশিষ্ট শিল্পপতিদের অংশগ্রহণ দেখা যায়, যেখানে শিল্প এবং সরকারি প্রাসঙ্গিক খাতের প্রধান প্রতিনিধিরা কর্মক্ষেত্রের ডিজিটাল রূপান্তর থেকে উদ্ভূত চ্যালেঞ্জ এবং সুযোগগুলো নিয়ে আলোচনা করার জন্য একত্রিত হয়েছিলেন।

PWD(GOVT of WB) Tender Notice
The Executive Engineer, P.W.Dte., Kolkata Electrical Division, invites tender for the work of "Temporary electrical installation and Air-conditioning works at proposed structure to be erected within premises of P.W.D Maidan Tent (Green House) for V.V.I.Ps and Senior Officers in connection with celebration of Independance Day -2026". Vide short notice inviting tender no. WBPWD/EEKED/NIT-30/26-27. Bid submission end date 13.08.2026 upto 11:15 AM. Details of Tender documents incl. Corrigendum, if any will be available at PWD website.
Sd/-
Executive Engineer, P.W.Dte Kolkata Electrical Division.

GOVERNMENT OF WEST BENGAL
Abridged 1st Corrigendum
The Executive Engineer-I, Joynagar Irrigation Division, I&W Dte. has issued Corrigendum to SNIT No. – 06/EE-I/JOY of 2026-27 only on behalf of the Governor of West Bengal as under :
● **Last date of issue of Tender paper – 14/08/2026 after 15:00 hrs.**
● **Date of dropping & opening of Tender Paper – 17/08/2026 up to 15:00 hrs. and after 15:30 Hrs.**
Other details may be available from the office of the undersigned during office hours on any working days & websites : iwd.wb.gov.in
Sd/-
Executive Engineer-I
Joynagar Irrigation Division
Baruipur, South 24 Parganas.

TENDER
Offline Short Notice Inviting Tender No -71/City (M) & 72/City (M) of 2026-27 from bonafied and resourceful decorators having credential in similar urgent nature of works and as per Govt. rule. Last date & time of application for obtaining permission will be on 13.08.2026 up to 10.00 hrs. Other details may be seen from the web site: www.pwdwb.in
Sd/- Executive Engineer-I, City Division, P.W.D.

Last Date, Time and Place of dropping Quotation on 19-08-2026 at 5:00 PM.The tender box kept in the Chamber of executing concern. for Repairs and maintenance water carring tanks under Pandua Panchayet Samiti Pandua, Hooghly, under Pandua Panchayet Samity, vide- NOTICE INVITING QUOTATION NO: 01/2026-27 (2nd Call), Dated: 12-08-2026
Visit in: Office Notice Board & Engineering Section.
Sd/-
S.Biswas
Executive Officer
Pandua Panchayet Samity
Pandua, Hooghly

Last date of on-line submission of Bid: 18-08-2026 at 3:00 PM for Construction of Burning Ghat at different places under Pandua Panchayet Samity, vide NOTICE INVITING E-TENDER NO: 01/15th F.C(U.T)/ 2026-27 (5th Call), Dated-11-08-2026
Sd/-
S.Biswas
Executive Officer
Pandua Panchayet Samity
Pandua, Hooghly

গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে মৎস্যজীবীর মৃত্যু, শোকের ছায়া মুকুন্দপুরে

হাসান লস্কর, কুলতলি, দক্ষিণ ২৪ পরগনাঃ গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে ট্রলারের কেবিনে রহস্যজনকভাবে এক মৎস্যজীবীর মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। মৃত মৎস্যজীবীর নাম জগদীশ মিস্ত্রি (৬১)। তাঁর বাড়ি পূর্ব যাদবপুর থানার অন্তর্গত মুকুন্দপুর এলাকায়। আকস্মিক এই মৃত্যুর খবর এলাকায় পৌঁছতেই শোকের ছায়া নেমে এসেছে পরিবার ও প্রতিবেশীদের মধ্যে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ডায়মন্ড হারবার এলাকার 'কাশী বিশ্বনাথ' নামের একটি মাছ ধরার ট্রলার মাঝি ও শ্রমিকদের নিয়ে গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়েছিল।

ওই ট্রলারের সঙ্গেই ছিলেন জগদীশ মিস্ত্রি। সমুদ্রে মাছ ধরার সময় ট্রলারের কেবিনে কাজ করছিলেন তিনি। ট্রলারে থাকা সঙ্গীদের দাবি, কাজ করার সময় আচমকাই ইঞ্জিনের কাছে পড়ে যান জগদীশবাবু। তাঁকে দ্রুত উদ্ধার করে প্রাথমিকভাবে সুস্থ করার চেষ্টা করেন সহকর্মীরা। কিন্তু কিছুক্ষণের মধ্যেই তাঁর শারীরিক অবস্থার অবনতি হতে শুরু করে।পরিস্থিতি গুরুতর বুঝতে পেরে মাছ ধরা বন্ধ করে ট্রলারটি দ্রুত ঘাটের দিকে ফিরিয়ে আনার সিদ্ধান্ত নেন মাঝি ও অন্যান্য মৎস্যজীবীরা। সানকি জাহান কলোনির ঘাটে পৌঁছনোর পর জগদীশ মিস্ত্রিকে দ্রুত উদ্ধার করে জয়নগর-কুলতলী গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে সেখানে পৌঁছনোর পর কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন।ঘটনার খবর পেয়ে কুলতলী থানার পুলিশ হাসপাতালে পৌঁছে মৃতদেহটি নিজেদের হেফাজতে নেয়। মৃত্যুর প্রকৃত কারণ জানতে দেহটি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। অতিরিক্ত গরম, আচমকা অসুস্থতা, শারীরিক সমস্যাজনিত কোনও কারণ, নাকি অন্য কোনও পরিস্থিতির কারণে এই মৃত্যু;তা নিয়ে ইতিমধ্যেই বিভিন্ন প্রশ্ন উঠেছে। তবে ময়নাতদন্তের রিপোর্ট হাতে না আসা পর্যন্ত মৃত্যুর সঠিক কারণ নিশ্চিতভাবে বলা সম্ভব নয়।

অন্যদিকে, পরিবারের একমাত্র উপার্জনক্ষম সদস্যকে হারিয়ে কার্যত দিশেহারা হয়ে পড়েছে মৃতের পরিবার। তাঁর আকস্মিক মৃত্যুতে মুকুন্দপুর এলাকায় নেমে এসেছে গভীর শোকের আবহ। পুলিশ ঘটনার সমস্ত দিক খতিয়ে দেখছে। ময়নাতদন্তের রিপোর্ট হাতে আসার পরই জগদীশ মিস্ত্রির মৃত্যুর প্রকৃত কারণ আরও স্পষ্ট হবে।

লং সাইজের বন্দুক ও ৬ রাউন্ড কার্তুজ উদ্ধার করল বকুলতলা থানার পুলিশ, গ্রেপ্তার ১

নিজস্ব সংবাদদাতা, বকুলতলাঃ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বড়সড় সাফল্য পেল বকুলতলা থানার পুলিশ। তালতলার গোপালনগর এলাকা থেকে রায়হান মোল্লা নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। তাকে জিজ্ঞাসাবাদ করে পাওয়া তথ্যের ভিত্তিতে শাহাজামাল মণ্ডলের বাড়িতে অভিযান চালায় পুলিশ।অভিযানে উদ্ধার হয় একটি লং সাইজের বন্দুক ও ৬ রাউন্ড কার্তুজ। ধৃত ব্যক্তির বিরুদ্ধে একাধিক ধারায় মামলা রুজু করেছে পুলিশ। আজ তাকে বারুইপুর আদালতে পেশ করা হবে।পরপর পুলিশের অভিযানে অপরাধীদের গ্রেপ্তার ও অস্ত্র উদ্ধারের ঘটনায় এলাকায় স্বস্তি ফিরছে বলে দাবি স্থানীয়দের।

সালুব্রিটি বায়োটেক লিমিটেড
CIN : L24100WB1990PLC048591, ISIN : INE581E01013
রেজিস্টার্ড অফিস : ফ্ল্যাট নং বি.৩০৮, এনবিসিসি ভিবজিওর টাওয়ার, নিউ টাউন, রাজারহাট- ৭০০১৫৬
E-Mail : snphealthcare@gmail.com PH: 9861652830, Website : www.snphealthcare.com
৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অ-নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী (লক্ষ টাকায়)

ক্রম নং	বিবরণী	সমাপ্ত তিন মাস ৩০.০৬.২০২৬ অ-নিরীক্ষিত	৩১.০৩.২০২৬ নিরীক্ষিত	৩০.০৬.২০২৫ অ-নিরীক্ষিত	সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত
১	কাজের থেকে মোট আয়	৬৭১.৬৬	৬০৯.২৩	৩০১.৩৪	২১৮৭.৬৬
২	নিট লাভ/ (ক্ষতি) (কর আগে, ব্যতিক্রমী এবং/অথবা অন্যান্য সাধারণ বিষয় সমূহ)	(৩৪.৭০)	(১৫১.৭০)	(২৬.৯৪)	(৮৮.৭৫)
৩	নিট লাভ/ (ক্ষতি) কর পরবর্তী সময়ের জন্য (ব্যতিক্রমী সমূহ এবং/অথবা অন্যান্য সাধারণ বিষয় সমূহ)	(৩৪.৭০)	(৪১.০২)	(২৬.৯৪)	২১.৯৩
৪	মোট তুলনীয় আয় (করের পরে) সময়ের জন্য লাভ/ (ক্ষতি) এবং অন্যান্য তুলনীয় আয় (করের পরে)	(৩৪.৭০)	(৪১.০২)	(২৬.৯৪)	২১.৯৩
৫	পরিশোধিত ইকুইটি শেয়ার মূলধন (প্রারম্ভিক মূল্য ৩/- টাকা)	৩০০.০০	৩০০.০০	৩০০.০০	৩০০.০০
৬	সংরক্ষণ (পুনর্মূল্যায়ন ব্যতীত সংরক্ষণ)	২১৭.৪৪	২১৭.৪৪	২১৭.৪৪	২১৭.৪৪
৭	শেয়ার প্রতি আয় (প্রতিটির মূল্য ৩/- টাকা) (চলমান এবং অচলতি কাজের জন্য) মৌলিক: মিশ্র:	(০.১২) (০.১২)	-	-	০.০৭ ০.০৭

নোট: ক) উপরে উল্লিখিত তথ্যটি তালিকাভুক্তি প্রবিধানের ৫২(৪) ধারা ৩৩ এর সাথে পঠিত ত্রৈমাসিক এবং আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি সারাংশ। ৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস কোম্পানির ওয়েবসাইট www.snphealthcare.com-এ পাওয়া যাবে। নিচে প্রদত্ত কিউআর কোড স্ক্যান করে এটি অ্যাক্সেস করা যেতে পারে।
খ) আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছিল এবং তারপরে ১১ আগস্ট, ২০২৬ তারিখে পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত হয়েছিল।
সালুব্রিটি বায়োটেক লিমিটেড-এর পক্ষে
স্থান : কলকাতা — অনুপম আগরওয়াল
তারিখ : ১১ আগস্ট, ২০২৬ — ম্যানেজিং ডিরেক্টর

নিকো-ইউকো অ্যালায়েন্স ক্রেডিট লিমিটেড
CIN-L65910WB1984PLC037614
ওয়ারেন্ট অফিস: নিকো হাউস, ২, হেয়ার স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ওয়েবসাইট: www.nuacl.com
৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত তিন মাসের জন্য স্বতন্ত্র ও একত্রিত নিরীক্ষিত/অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ (লক্ষ টাকায়)

ক্রম. নং.	বিবরণ	একক: সমাপ্ত তিন মাস ৩০.০৬.২০২৬ অনিরীক্ষিত	সমাপ্ত মাস ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত	সমাপ্ত তিন মাস ৩০.০৬.২০২৫ অনিরীক্ষিত	একত্রিত: সমাপ্ত তিন মাস ৩০.০৬.২০২৬ অনিরীক্ষিত	সমাপ্ত মাস ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত	সমাপ্ত তিন মাস ৩০.০৬.২০২৫ অনিরীক্ষিত
১	ক) পরিচালন থেকে মোট আয় (নিট) খ) অন্যান্য আয়	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
২	এই সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি)	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	(৩৮১.৬৯)
৩	এই সময়ের জন্য কর-পূর্ব নিট লাভ/(ক্ষতি)	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	(৩৮১.৭৫)
৪	এই সময়ের জন্য কর-পরবর্তী নিট লাভ/(ক্ষতি)	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	(৩৮১.৫১)
৫	এই সময়ের জন্য মোট তুলনীয় আয়	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
৬	ইকুইটি শেয়ার মূলধন	১৬৫৬.৩৬	১৬৫৬.৩৬	১৬৫৬.৩৬	১৬৫৬.৩৬	১৬৫৬.৩৬	১৬৫৬.৩৬
৭	পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিট অনুযায়ী সংরক্ষিত তহবিল	-	[illegible]	-	-	[illegible]	-
৮	শেয়ার প্রতি আয় ক) মৌলিক খ) মিশ্র	(০.০৬) (০.০৬)	[illegible]	[illegible]	[illegible]	[illegible]	(০.৪৬) (০.৪৬)

পরিচালকমণ্ডলীর পক্ষে ও তরফে — স্থান: কলকাতা — তারিখ: ১২ই আগস্ট, ২০২৬ — ডিন:০০৫০৯১২১

জে. এ. ফিন্যান্স লিমিটেড
CIN- L65999WB1993PLC058703 | www.jafinance.co.in
৭বি, কিরণশঙ্কর রায় রোড, প্রথম তলা, পুনর্বাসী চেম্বার্স, কলকাতা-৭০০০০১ (পশ্চিমবঙ্গ)
৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারসংক্ষেপ

ক্রম নং	বিবরণ	সমাপ্ত তিনমাস ৩০.০৬.২০২৬ অনিরীক্ষিত	৩১.০৩.২০২৬	৩০.০৬.২০২৫	সমাপ্তবছর ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত
১	পরিচালন কার্যক্রম থেকে মোট আয়	[illegible]	[illegible]	[illegible]	২৭৮.৭০
২	কর পরবর্তী সাধারণ কার্যক্রম থেকে নীট লাভ/(ক্ষতি)	[illegible]	[illegible]	[illegible]	৫৪.০৫
৩	কর পরবর্তী নীট লাভ/(ক্ষতি)	[illegible]	[illegible]	[illegible]	৫৪.০৫
৪	মোট তুলনীয় আয়	[illegible]	[illegible]	[illegible]	৫৮.৯০
৫	ইকুইটি শেয়ার মূলধন	[illegible]	[illegible]	[illegible]	১,০৬৪.৮৭
৬	সংরক্ষণ	[illegible]	[illegible]	[illegible]	৯৯৮.৬১
৭	শেয়ার প্রতি আয় মৌলিক: মিশ্রিত:	[illegible]	[illegible]	[illegible]	০.৫১ ০.৫১
৮	শেয়ার প্রতি আয় মৌলিক: মিশ্রিত:	[illegible]	[illegible]	[illegible]	০.৫১ ০.৫১

পরিচালক পর্ষদের পক্ষে ও তাদের হয়ে — জে. এ. ফিন্যান্স লিমিটেডের পক্ষে (অনয় গোয়েল) ব্যবস্থাপনা পরিচালক — স্থান: জামশেদপুর — তারিখ: ১২.০৮.২০২৬ — ডিন:০০২০১৩৯৩

CSB Bank
Trusted Heritage Smart Future
বন্ধককৃত স্বর্ণালঙ্কারের নিলাম সংক্রান্ত সর্বসাধারণের বিজ্ঞপ্তি
বিশেষত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতাগণ এবং সাধারণভাবে আগ্রহী দরদাতাদের এতদ্বারা জানানো হচ্ছে যে, ব্যাঙ্ক কর্তৃক জারিকৃত পরিশোধ বিজ্ঞপ্তি এবং প্রত্যাহার/নিলাম বিজ্ঞপ্তি সত্ত্বেও ঋণগ্রহীতাগণ কর্তৃক নিম্নোক্তভাবে ব্যাঙ্কের পাওনা পরিশোধ না করার কারণে, নিজ নিজ ঋণগ্রহীতা কর্তৃক গৃহীত ঋণের জন্য ব্যাঙ্ক জামানতে বন্ধক রাখা স্বর্ণালঙ্কারসমূহ ২৯শে আগস্ট ২০২৬ তারিখে সকাল ১০.৩০ মিনিটে শাখা প্রাঙ্গণে 'যেমন আছে যেখানে আছে' এবং 'অপ্রত্যাবর্তনযোগ্য' শর্তে প্রকাশ্য নিলামে বিক্রি করা হবে। ব্যাঙ্কের বিজ্ঞপ্তি বোর্ডে বিষয়টি প্রকাশ সাপেক্ষে, ব্যাঙ্কের বিবেচনার ভিত্তিতে নিলামটি পরবর্তী অন্য কোনো তারিখে স্থগিত করা যেতে পারে। ঋণগ্রহীতাগণকে এতদ্বারা আরও জানানো হচ্ছে যে, স্বর্ণালঙ্কারসমূহ প্রকাশ্য নিলাম/ই-নিলামের মাধ্যমে নিষ্পত্তি করা হবে, যদি নিলাম সফল না হয় এবং এরপরও যদি আদায়ের জন্য কোনো বকেয়া থাকে, তবে ব্যাঙ্কের পাওনা বকেয়া অর্থ আদায়ের জন্য ঋণগ্রহীতা/ঋণগ্রহীতাগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ''মৃত ঋণগ্রহীতার ক্ষেত্রে, সকল শর্তাবলি আইনানুগ উত্তরাধিকারীদের জন্য প্রযোজ্য হবে।''

ক্রম নং	নিলাম কেন্দ্র সিএসবি শাখা	অ্যাকাউন্ট নাম	ক্লায়েন্ট আইডি	অ্যা. নং.	বকেয়া অর্থাঙ্ক ১০-০৮-২০২৬ তারিখ পর্যন্ত	ওজন (গ্রাম)
1	সল্টলেক সিটি	অনির্বাণ সিনহা	07279462	001	93,59,175.12	780.72
2	সল্টলেক সিটি	জয়দীপ কর্মকার	07740558	001	62,41,223.33	521.73
3	সল্টলেক সিটি	মনোজ কুমার জয়সওয়াল	04569659	001	57,83,940.12	483.44
4	সল্টলেক সিটি	পুতুল সিনহা	07279925	001	26,23,984.82	220.93
5	সল্টলেক সিটি	সজ্জন আগরওয়াল	07438322	001	41,55,707.48	363.47
6	সল্টলেক সিটি	সৌমিক গাঙ্গুলী	03062475	002	22,96,331.76	302.12
7	কেষ্টপুর	অনুপ মন্ডল	10164263	002	4,37,334.20	48.63
8	কেষ্টপুর	দেবাশিস মাইতি	10150718	001	30,75,585.61	258.62
9	হাওড়া - এসি মার্কেট	মনোজ গয়াল	10256134	001	4,88,371.36	44.70
10	হাওড়া - এসি মার্কেট	শ্রীকান্ত ঘোষ	10017795	001	1,42,915.52	15.00
11	হাওড়া - এসি মার্কেট	তপন কুমার ঘোষ	10175397	001	8,14,243.27	85.60
12	কলকাতা - নিউ আলিপুর	বিজন হাজরা	10179661	001	1,33,735.36	16.00
13	কলকাতা - নিউ আলিপুর	এহতেশাম রউফ	10108599	002	8,30,908.92	76.50
14	কলকাতা - টালিগঞ্জ	সমরপিতা রায়	10103811	001	4,55,329.67	37.86
15	কলকাতা - টালিগঞ্জ	সমর্পিতা গাঙ্গুলী	03062475	001	1,28,857.28	19.22
16	বারাসত	আশিস দেব	05039902	001	45,23,828.46	380.55
17	বারাসত	গোপাল দাস	10151260	001	8,10,560.67	70.02

আরও বিস্তারিত তথ্য/অ্যাকাউন্ট অনুযায়ী তথ্যের জন্য এবং নিলামে অংশগ্রহণের জন্য ঋণগ্রহীতা/আগ্রহী দরদাতারা নিজ নিজ শাখায় যোগাযোগ করতে পারেন।
পশ্চিমবঙ্গ|১৩.০৮.২০২৬ — স্বা/- অনুমোদিত আধিকারিক, সিএসবি ব্যাঙ্ক

Tender Notice
West Bengal Police Housing & Infrastructure Development Corpn Ltd having its office at 3rd floor, Araksha Bhawan, Block – DJ, Sector – II, Salt Lake, Kolkata – 91 is inviting open tender from experienced agency for work of WBPHIDCL/EE-(HQ-I)/NIT- 26(e)/2026-2027 (1st Call), Day to Day Operation & Supervision of total 6 (Six) Nos passenger lift at Tollygunge P.H.E., S.P. Mukherjee Road, Charu Market, Kolkata - 700026 for FY 2026-2027. **Estimated Amount put to Tender Rs. 4,18,217/-, Tender Id: 2026_WBSPHI_5018499_1, Last date & time of submission of bids online is 22.08.2026 at 10.00 Hrs. For further details please visit www.wbtenders.gov.in**

Tender Notice
West Bengal Police Housing & Infrastructure Development Corpn Ltd having its office at 3rd floor, Araksha Bhawan, Block – DJ, Sector – II, Salt Lake, Kolkata – 91 is inviting open tender from experienced agency for work of WBPHIDCL/ACE/NIT- 25(e)/2026- 2027 (1st Call), Annual Maintenance (Building / S&P/ Electrical/ Road works) and round the clock pump and D.G. Operation at Baruipur Central Correctional Home upto 31.03.2027. **Estimated Amount put to Tender Rs. 46,43,032/-, Tender Id: 2026_WBPHI_5018481_1, Last date & time of submission of bids online is 29.08.2026 at 16.00 PM. For further details please visit www.wbtenders.gov.in**

QUOTATION NOTICE
West Bengal Police Housing & Infrastructure Development Corpn Ltd **having its office at 3rd floor, Araksha Bhawan, Block – DJ, Sector – II, Salt Lake, Kolkata – 91 is inviting open Quotation from experienced agency for works of WBPHIDCL/ EE(HQ-I)/NIQ- 4(e)/2024-2027 (1st Call) for Sl no 1 & 2, i)** Supply, Installation, Testing, Commissioning of CCTV Surveillance System at Different Locations at Balagarh, Hooghly Sadar Subdivision under MP LAD Scheme. **Tender Id: 2026_WBPHI_5018484_1, ii)** Supply, Installation, Testing, Commissioning of CCTV Surveillance System at Different Locations at Polba, Hooghly Sadar Subdivision under MP LAD Scheme. **Tender Id: 2026_WBPHI_5018484_2, Last date & time of submission of bids online is 29.08.2026 at 16:00 PM. For further details please visit www.wbtenders.gov.in**

দখলের নোটিস
স্থাবর সম্পত্তির জন্য
যথারীতি
নিম্নস্বাক্ষরিত ব্যক্তি **সম্মান ক্যাপিটাল লিমিটেড (এসসিএল)** (পূর্বে **ইন্ডিয়াবুলস হাউজিং ফাইন্যান্স লিমিটেড (আইএইচএফএল)** নামে পরিচিত) আর্থিক সম্পদের সিকিউরিটাইজেশন এবং পুনর্গঠন এবং নিরাপত্তা স্বার্থ প্রয়োগ আইনের অধীনে, 2002 (2002 সালের 54) (''উল্লিখিত আইন'') এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, 2002 (''উল্লিখিত নিয়ম'') এর বিধি 3 সহ পঠিত উক্ত আইনের ধারা 13 (12) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে **24.02.2022** তারিখে একটি চাহিদা নোটিশ জারি করা হয়েছে, যাতে ঋণগ্রহীতা, জামিনদার এবং বন্ধকদাতা **ব্রিজেশ জৈন প্রোপাইটার নেহা ফ্যাশন, পায়েল জৈন এবং উমা দেবী জৈন** ঋণ অ্যাকাউন্ট নং **HHLKLT00479731** এর বিরুদ্ধে, উক্ত নোটিশ উল্লিখিত পরিমাণ **71,13,554.05 টাকা (একাত্তর লক্ষ তেরো হাজার পাঁচশ চুয়ান্ন টাকা এবং পাঁচ পয়সা মাত্র) 24.02.2022** তারিখে উক্ত সুবিধার ক্ষেত্রে আরও সুদ এবং জরিমানা সুদ সহ পরিশোধ করতে বলা হয়েছে **25.02.2022** তারিখে মধ্যে প্রদান করার জন্য এবং এই নোটিস প্রাপ্ত হওয়ার পূর্ণ 60 দিনের মধ্যে জমা করতে হবে।

যেহেতু পরবর্তীতে, **এসসিএল 30.12.2024** তারিখের একটি 'অ্যাসাইনমেন্ট এগ্রিমেন্ট' বা স্বত্ব হস্তান্তর চুক্তির মাধ্যমে ঋণগ্রহীতা / জামিনদার / বন্ধকদাতার অনুকূলে **এসসিএল** কর্তৃক প্রদত্ত ঋণসুবিধার বিপরীতে তাদের কাছে পাওনা অর্থ এবং সংশ্লিষ্ট জামানত বা সিকিউরিটি-সহ যাবতীয় অধিকার, স্বত্ব, স্বার্থ ও সুবিধা **'অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড'**-এর কাছে হস্তান্তর করেছে (যারা **'এআরসিআইএল - ট্রাস্ট -2025 - 015 বা 'এআরসিআইএল'** -এর **ট্রাস্টি** হিসেবে কাজ করছে এবং 'সিকিউরিটি রিসিপ্ট'-এর ধারকদের স্বার্থ রক্ষায় নিয়োজিত) সেহেতু, উক্ত হস্তান্তরের প্রেক্ষিতে এসসিএল-এর স্থলে এখন **'এআরসিআইএল'** স্থলাভিষিক্ত হয়েছে। ফলে, ঋণগ্রহীতা / জামিনদার / বন্ধকদাতার বিরুদ্ধে যেকোনো আইনি কার্যক্রম শুরু বা অব্যাহত রাখা এবং তাদের গৃহীত ঋণসুবিধার বিপরীতে তাদের দ্বারা সম্পাদিত ও সৃষ্ট জামানত সংক্রান্ত অধিকার প্রযোগ-সহ সংশ্লিষ্ট আর্থিক নথিপত্র অনুযায়ী যাবতীয় অধিকার ও সুবিধা কার্যকর করার ক্ষেত্রে **'এআরসিআইএল'** এখন পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত ও অধিকারী।

ঋণগ্রহীতা / জামিনদার / বন্ধকদার (গণ) **এআরসিআইএল** উক্ত পরিমাণ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা / জামিনদার / বন্ধকদাতা (গণ) বিশেষ করে এবং সাধারণ জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে, **এআরসিআইএল** অনুমোদিত কর্মকর্তা হিসেবে নিম্নস্বাক্ষরকারী, উক্ত আইনের ধারা 13 এর উপ-ধারা (4) এবং উক্ত বিধির বিধি 8 এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে **07.08.2026** তারিখে এখানে বর্ণিত সুরক্ষিত সম্পদের **দখল** গ্রহন করেছে।

এতদ্বারা বিশেষ করে ঋণগ্রহীতা / জামিনদার (গণ) বন্ধকদাতা (গণ) এবং সাধারণভাবে জনসাধারণকে নিম্নোক্ত জামানতকৃত সম্পত্তিগুলির সাথে কোনো প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং জামানতকৃত সম্পত্তিগুলির সাথে যেকোনো লেনদেন **এআরসিআইএল** চার্জের অধীন হবে, যার পরিমাণ **05.08.2026** তারিখ পর্যন্ত **1,28,62,776.69 টাকা (এক কোটি আঠাশ লক্ষ বাষট্টি হাজার সাতশ ছিয়াত্তর টাকা এবং উনসত্তর পয়সা মাত্র)** উক্ত সুবিধার ক্ষেত্রে চুক্তিভিত্তিক হারে আরও সুদ **06.08.2026** থেকে সমস্ত আনুষঙ্গিক খরচ, চার্জ এবং ব্যয় সহ পরিশোধ আদালত পর্যন্ত প্রযোজ্য হবে।

ঋণগ্রহীতা / জামিনদার / বন্ধকদারগণ মনোযোগের জন্য বিধানাবলী আমন্ত্রিত উপধারা (4) আইনের 13 ধারা, সংরক্ষিত সম্পত্তি উদ্ধার করা যায় এইরকম প্রাপ্তিসাধ্য সময়ের স্বপক্ষে।

স্থাবর সম্পত্তির বিবরণ
আবাসিক ফ্ল্যাট বিয়ারিং নম্বর এআর-এ-1-101 প্রথম তলা ব্লক-এ পরিমাপ প্রায় 1621 বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বরাবর এর জায়গায় পাশে একটি নতুন জায়গায় পাশে একটি গাড়ি রাখার জায়গা রয়েছে, "অক্ষ রেসিডেন্সি" নামে পরিচিত উক্ত বিল্ডিং-এর অবস্থিত, লোকনাথ পার্ক, থানা-বাগুইয়াটি, (কলকাতা)-700157, পশ্চিমবঙ্গ প্রায় 20 কাঠা 00 ছটাক-31 বর্গফুট জমির প্লটের উপর নির্মিত যার মধ্যে 03 কাঠা 09 ছটাক 13 বর্গফুট এলএআর খতিয়ান নম্বর 11,531,1429-এর আরএস দাগ নম্বর 173-এ চুক্তি বেশি বা কম জমি এলআর খতিয়ান নম্বর 174 গঠিত, 04 কাঠা 00 ছটাক 06 বর্গফুট বেশি বা কম জমি আরএস দাগ নম্বর 263,375,216 এবং 344-এর আরএস দাগ নম্বর 180-এ গঠিত, 03 কাঠা 06 ছটাক 05 বর্গফুট বেশি বা কম জমি আরএস দাগ নম্বর 181 এ এলআর খতিয়ান নম্বর 498, 559, 519 এবং 05 কাঠা 01 ছটাক 08 বর্গফুট বেশি বা কম জমি আরএস দাগ নম্বর 283-এ আরএস দাগ নম্বর 134/854-এ 13 বর্গফুট বেশি বা কম জমি, জেএলএল নম্বর 10, থানা-রাজারহাট বর্তমানে বাগুইয়াটি, বিধাননগর পৌর কর্পোরেশনের 12 নম্বর ওয়ার্ডের মধ্যে অবস্থিত, জেলা 24 উত্তর পরগনা উপরোক্ত জমি এবং বিল্ডিং কমপ্লেক্স অবিভাজ্যভাবে অবিভক্ত আনুপাতিক অংশ সহ একত্রিত, শিরোনাম এবং বাধা মুক্ত।
তারিখ: 07.08.2026 — অধিকৃত আধিকারিক
স্থান: কলকাতা — অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড (এআরসিআইএল-ট্রাস্ট -2025 - 015-এর ট্রাস্টি)